

## পরিবেশ ভূগোলের প্রাসঙ্গিকতা

### Relevance of Environmental Geography

পরিবেশ সম্বন্ধে বহু আগে মানুষের জ্ঞান থাকলেও পরিবেশ ভূগোলটি বিংশ শতাব্দীর মাঝামাঝি সময় থেকে বিভিন্ন ভৌগোলিক বিশ্লেষণে দেখা দিয়েছে। শরুর দিকে বিষয়টি জীববিদ্যার আলোচ্য বিষয়ের অন্তর্গত থাকলেও পরবর্তী সময়ে তার মধ্যে সীমাবদ্ধ না থেকে অন্যত্র ছড়িয়ে পড়েছে। অর্থাৎ জীবমণ্ডলের প্রভাববিস্তারকারী বিভিন্ন উপাদানগুলিকে অনেকে পরিবেশ বলে মেনে নিয়েছে। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে এই ধারণার পরিবর্তন লক্ষ করা গেছে। পরিবেশ সম্পর্কে জ্ঞানলাভের গুরুত্ব অপরিসীম। এই জ্ঞান মানুষকে সচেতন করে তোলে। বর্তমানে পরিবেশ ভূগোল শুধুমাত্র পরিবেশ বিদ্যা, জীববিদ্যা, ভূগোলের মধ্যে আর সীমাবদ্ধ নেই। এর সীমাবদ্ধতা অনেকদূর গড়িয়ে গেছে। নীচে পরিবেশ ভূগোলের প্রাসঙ্গিকতা সংক্ষেপে আলোচনা করা হল।

1. পরিবেশ ভূগোলের আলোচনার প্রাণকেন্দ্র হল পরিবেশ কী অবস্থায় রয়েছে এবং তাকে কী করে সুস্থিত রাখা যায় তা নিয়ে চিন্তাধারা বা ভাবনা যা পরিবেশ ভূগোলের অন্যতম গুরুত্বপূর্ণ দিক।
2. সভ্যতার সৃষ্টির আদি লগ্ন থেকে বর্তমান সময় পর্যন্ত পরিবেশ মানবিক না প্রাকৃতিক কিংবা আধা-প্রাকৃতিক কিনা তা পরিবেশ ভূগোল আলোচনার অন্যতম প্রাসঙ্গিক দিক।
3. প্রাকৃতিক ও মানবিক কারণে সৃষ্ট পরিবেশের দূষকগুলি কীভাবে জীব সম্প্রদায়ের ওপর প্রভাব বিস্তার করে জীবসম্প্রদায়ের অস্তিত্বকে বিপন্ন করে তুলছে তা পরিবেশ ভূগোলে এক অন্যতম প্রাসঙ্গিক দিক।
4. পরিবেশ ভূগোলের অন্যতম প্রাসঙ্গিক দিক হল প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য বজায় রেখে পরিবেশের বিভিন্ন উপাদানগুলির সঠিক মাত্রায় সঠিক পদ্ধতিগুলি প্রয়োগ করা দরকার যা পরবর্তী সময়ে অর্থনৈতিক উন্নয়নের ধারা বজায় থাকে।
5. ভূগোলের আলোচনার আদি লগ্ন থেকে তৃতীয় বিশ্বের দেশগুলিতে যেভাবে জনবিস্ফোরণ ঘটেছে তার কুপ্রভাব হিসেবে আমরা পরিবেশকে কতটা বিপন্নতার হাত থেকে রক্ষা করেছি তা বর্তমান সমাজে পরিবেশ ভূগোলের এক অন্যতম প্রাসঙ্গিক দিক।
6. পরিবেশ ভূগোলের অন্যতম প্রাসঙ্গিক আলোচনার দিক হল জল দূষণ, বায়ু দূষণ, মৃত্তিকা দূষণ, তেজস্ক্রিয় দূষণ, প্লাস্টিক দূষণ, শব্দ দূষণ, দৃশ্য দূষণ, মহাকাশ দূষণ এবং সামাজিক দূষণগুলির প্রভাব এবং তাদের প্রতিকার।
7. পরিবেশ ভূগোল বনভূমি ধ্বংস তার সংরক্ষণ জীববৈচিত্র্য নষ্ট ও তার সংরক্ষণ, বন্যপ্রাণী নিঃশেষ এবং তার সংরক্ষণ মাটির ক্ষয় ও তার রোধ, বর্জ্য আবর্জনার প্রভাব ও তার ব্যবস্থাপনা, জলাভূমি বুজে যাওয়া ও তার সংস্কার এই সমস্ত বিষয়গুলি এই ভূগোলে খুবই প্রাসঙ্গিক।
8. প্রাকৃতিক পরিবেশের দুর্যোগ তার পরবর্তী সময়ে বিপর্যয় সেই সঙ্গে তাদের কার্যকারণ থেকে মানুষ কীভাবে নিস্তার পেতে পারে তা এই ভূগোলের আলোচনার এক অন্যতম প্রাসঙ্গিক।
9. পরিবেশের অন্তর্গত বিভিন্ন বাস্তুতন্ত্রে বসবাসকারী উদ্ভিদ ও প্রাণী এবং অজৈব উপাদানগুলির মধ্যে আন্তঃসম্পর্ক যাতে সঠিকভাবে বজায় থাকে সে বিষয়ে এই পরিবেশ ভূগোলের প্রাসঙ্গিকতা এক নতুন মাত্রা দিয়েছে।
10. পরিবেশ ভূগোলের আলোচনা যা সবসময় সমস্ত শ্রেণির মানুষের কাছে আলোচ্য বিষয় তা হল পরিবেশের অবক্ষয় তথা অবনমন এবং এর হাত থেকে মানুষ তথা সমগ্র জীবজগতের মুক্তিলাভ কীভাবে সম্ভব।
11. পরিবেশ ভূগোলের যে প্রসঙ্গ না বললেই নয়, তা হল পরিবেশের বিভিন্ন আন্দোলন, পরিবেশ সম্পর্কিত বিরোধিতা, পরিবেশ সম্পর্কিত বিভিন্ন প্রকল্প, পরিবেশের নীতি নির্ধারণ এবং তা বাস্তবায়িত করার উদ্যোগ সচেতনতার মাধ্যমে।
12. সবশেষে যে কথা না বললে পরিবেশ ভূগোলের আলোচনা প্রাসঙ্গিকতা সম্পূর্ণ হয় না, তা হল বর্তমান পরিবেশের হাত থেকে এই সুন্দর গ্রহ তথা জীবমণ্ডলকে বাঁচিয়ে পরিবেশ ও উন্নয়নকে বজায় রাখা।